আমি অত্র কোবালা দাতা আমার নামে এল. আর. রেকর্ডে উক্ত ২২৫৯ নং খতিয়ানে ও ৩০৮২ নং দাগে কমবেশী ১৮ শতক বা ১১(এগার) কাঠা সম্পত্তি রেকর্ড ভুক্ত হইয়া মালিকান স্বরূপে ষোল আনা খাসে ভোগ দখল করিয়া আসিতেছি। যাহা দান বিক্রয় বিলি, বন্দোবস্ত ইত্যাদি সমস্ত রকম হস্তান্তরের ক্ষমতা আমার বিত্তমান।

এক্ষণে আমার নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমার খরিদা নিম্ন তপশীল ভুক্ত হাল আর. এস. ৩০৮২ নং দাগে ৩.৬০ একর মধ্যে ১.০৫ একরের মধ্যে কমবেশী ১৮ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১১(এগার) কাঠা শালি জমি যাহা আমার আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে মায় পণ মূল্যে কাঠা প্রতি ৫,২৫,০০০্ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট **৫৭,৭৫,০০০্ (সাতান্ন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ১৮ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ১১(এগার)কাঠা শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী

